<u>মার্চ ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ</u>

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ০৯ মার্চ ২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার দৃষ্টি আকর্ষণ করে কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ থেকে সুরক্ষার জন্য আবশ্যিকভাবে মাস্ক ব্যবহারের জন্য সরকারি নির্দেশনামতে "No mask, No Service" সর্বোচ্চ গুরুত্বসহ প্রতিপালন করতে সকলের প্রতি অনুরোধ জানানো হয়। অফিসে সেবা প্রত্যাশীদেরকে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে প্রতিটি অফিসের সামনে দৃশ্যমান স্থানে **"No mask, No Entry"** এবং **"মাস্ক ছাড়া প্রবেশ নিষেধ"** লেখা সম্বলিত ব্যানার/স্টিকার সাঁটানোর জন্য অনুরোধ জানানো হয়। করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণের জন্য সামাজিক আন্দোলন গড়ে তোলা ও সকলকে কোভিড-১৯ ভ্যাকসিন / বুস্টার ডোজ গ্রহণে উদ্বুদ্ধ করার উপরও গুরুত্বারোপ করা হয়।

শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি এবং রাজস্ব উন্নয়ন তহবিলের অর্থে বাস্তবায়িতব্য অনুমোদিত অগ্রাধিকার প্রকল্প দ্রুত বাস্তবায়নের স্বার্থে প্রকল্প তালিকা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে চুড়ান্ত করা হয়েছে। নির্মাণ সামগ্রীর নতুন রেইট পাওয়া যাওয়ায় নতুন করে প্রাক্কলন তৈরী প্রস্তুত করে টেন্ডার আহবানে ২/১ সপ্তাহ সময় লাগবে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের নির্মিত নিরাপত্তা প্রাচীর রং করাসহ ছোট ছোট মেরামত কাজ করা প্রয়োজন। একইসাথে পুরাতন ক্যাম্পাসে শিল্পকলার একাডেমির অস্থায়ী অফিসটিও মেরামত করা জরুরী হয়ে পড়েছে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প(আইএনএফ-২০২০-২০২১-৫৫৩২৯-০২) সোলার স্ট্রীট লাইট এর কাজ ঠিকাদার কর্তৃক ২৭/০২/২০২৩ খ্রিঃ বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। ঠিকাদার বিল পরিশোধের জন্য আবেদন করেছেন। ঠিকাদার বরাবর বিল পরিশোধের উপর গুরুত্বারোপ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, এডিপি'র সম্পূর্ণ (৪ কিস্তি) বরাদ্দ পাওয়া না গেলেও একসাথে ০৪ (চার) কিস্তির সমান অর্থের প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার আহবান করা যেতে পারে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে মর্মে শর্তারোপ করা যেতে পারে। | ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে মর্মে শর্তারোপ করে জরুরীভাবে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প(এনআইএফ-২০২০-২০২১-৫৫৩২৯-০২) সোলার স্ট্রীট লাইন প্রকল্পটি ঠিকাদার কর্তৃক ২৭/০২/২০২৩ খ্রিঃ প্রকল্পটি ঠিকাদার কর্তৃক (স্পেসিফিকেশন অনুযায়ী) যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রত্যায়ন প্রদান করবেন।<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসারাড়ী রক্ষণাবেক্ষণ খাত হতে ২(দুই) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্[illegible] প্রস্তুত [illegible] (পিআইসি) মাধ্যমে জরুরীভাবে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের নির্মিত নিরাপত্তা প্রাচীর রং করাসহ ছোট ছোট মেরামত কাজ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, ২৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রাণি প্রদর্শনী সফলভাবে অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। তিনি আরো জানান,প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরিক্যালি উপজেলার উত্তর রাজিবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়কে শিক্ষার্থীদের বিনামূল্যে দুধ খাওয়ানোর জন্য নির্বাচন করা হয়েছে। এ বিদ্যালয়ের ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত ১৬১ জন শিক্ষার্থীকে বিদ্যালয় খোলা থাকার দিনগুলিতে প্রতিটি শিশুকে প্রতিদিন ২০ মি:লি: করে গরুর খাটি দুধ খাওয়ানো হবে। শিক্ষার্থীদের সুষ্ঠুভাবে শারিরিক ও মানষিক গঠণে এটি একটি সরকারি প্রকল্প পর্যায়ক্রমে উপজেলার সবগুলো প্রাথমিক বিদ্যালয়ে এ প্রকল্প চালুর পরিকল্পনা আছে। | সরকারে এ ধণের গুরুত্বপুর্ণ একটি কর্মসূচি সুফলভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে এসএমসি'র সকল সদস্য স্থানীয় ইউপি চেয়ারম্যান/সদস্যদের সম্পৃক্ত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার জানান, প্রশিক্ষণে থাকায় অনুপস্থিত। | আগামী সভাসহ সকল সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান, উপজেলার ২২০০ হে: জমিতে সরিষা, ৪০৫৮ হে: জমিতে ভুট্টা এবং ২৬৯৪৫ হে: জমিতে বোরো চাষ করা হয়েছে। এখন পর্যন্ত আবহাওয়া কৃষির অনুকূলে, আছে। কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যহত আছে। আবহাওয়া অনুকূলে থাকলে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী ফলনের আশাবাদ ব্যক্ত করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, আগামীতে সকল প্রকার প্রণোদনার তালিকা ইউপি চেয়ারম্যানের সাথে সমন্বয় করে করা যেতে পারে। | সমসাময়িক কৃষি চাসাবাদে কৃষকদের নিবিরভাবে সহযোগিতা করতে হবে এবং সকল প্রকার কৃষি প্রণোদনার সুবিধাভোগী বাছাই/নির্বাচনে সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তারাপুর, হরিপুর বেলকাসহ ১৯ কমিউনিটি ক্লিনিকের মেরামত/সংস্কার কাজ চলছে। শীঘ্রই রামজীবন ইউনিয়নের কাশদহ ও চন্ডিপুর ইউনিয়নের বোচাগাড়ীতে মেরামত কাজ শুরু করা হবে। নিয়ে সমস্যা নিরসনে ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | গ্রামীণ স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিকের মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। হরিপুর ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকের জায়গা উদ্ভুদ্ধ সমস্যা দ্রুত নিরসন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/ হরিপুর ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (চলতি দায়িত্ব) জনাব ডা: মো: সেকেন্দার আলী অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | সদ্য যোগদানকৃত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মো: মোমিন মন্ডল সকলের সাথে পরিচিত হন এবং তার দায়িত্ব পালনকালীন সকলের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে যাচাই-বাছাই কাজ চলছে। | নতুন শিক্ষার্থীদের উপবৃত্তির আওতায় আনতে শিক্ষার্থীদের তথ্যাদি সঠিকভাবে পূরণ করতে হবে যাতে পরবর্তীতে আর্থিক সুবিধা পেতে কোন সমস্যা না হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আনসার সদস্যদের মৌলিক প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে।<br>২৬ মার্চ ২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে আনসার সদস্যগণ অতীতের ন্যায় মার্চপাস্টে অংশ গ্রহন করবে। | প্রশিক্ষণ প্রাপ্ত আনসার সদস্যদের ভবিষ্যতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে উদ্ধার এবং বিভিন্ন সেবার কাজে ব্যবহার করা যায় সে ভাবে প্রস্তুত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতিবেদন সময়ে ২১.৪১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং একই সময়ে ১৯.৪৮ লক্ষ টাকা আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য তৎপরতা চালানো হচ্ছে। | ঋণ আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিস্ট সকল |
| ১০. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, গাইবান্ধা যুব প্রশিক্ষণ কেন্দ্রে মাসব্যাপী মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণে বেকার যুবকদের প্রেরণ করার উদ্যোগ হাতে নেয়া হয়েছে। অগ্রহী বেকারদের যোগাযোগ করার আহবান জানান। | গাইবান্ধা যুব প্রশিক্ষণ কেন্দ্রে মাস ব্যাপী মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণে সঠিকভাবে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। প্রয়োজনে স্থানীয় ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান, ২০২২-২০২৩ বর্ষের প্রতিবন্ধী ও বিধবা সুবিধাভোগীগণ ভাতার অর্থ পেয়েছে। বয়স্ক ভাতাভোগীদের পে-রোল সম্পন্ন করা হলেও বাংলাদেশ ব্যাংক হতে এখনও অর্থ ছাড় না করায় এখনও ভাতার অর্থ পাননি। শীঘ্রই তারাও ভাতার অর্থ পাবেন বলে আশাবাদ ব্যক্তকরেন। ভিক্ষুক পুর্নবাসন কাজ দ্রুততার সাথে করতে হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার সমাজ সেবা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুবিধাভোগীদের সহজে সহযোগিতা করতে হবে। কোথাও কেউ যেন হয়রাণীর স্বীকার না হয়, তা নিশ্চিত করতে হবে।<br>ইউপি চেয়ারম্যানদের নিকট হতে দ্রুত নাম তালিকা সংগ্রহ করে পুনর্বাসন প্রক্রিয়া শুরু করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার/ ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, পুর্ব ছাপরহাটী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলামকৃত ভবনের মালামাল নিলাম গ্রহণকারী কর্তৃক অপসারণ না করার কারণে নতুন ভবন নির্মাণে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। ক্লাশ রুমের সংকটের কারণে পাঠদান কার্যক্রম ব্যহত হচ্ছে।<br>সকাল ৯.০০ ঘটিকায় শিক্ষকদের স্কুলে নিয়মিত উপস্থিতির বিষয়টি নিশ্চিত করতে বিভাগীয় কর্মকর্তাসহ জনপ্রতিনিধিদের এক সাথে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। | পাঠদান কার্যক্রম নির্বিঘ্ন করতে দ্রুত ভবন নির্মাণ কাজ করতে হবে এবং শিক্ষকদের স্কুলে নিয়মিত উপস্থিতির বিষয়টি নিশ্চিত করতে বিভাগীয় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিদের এক সাথে কাজ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, সকল জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার উপজেলা বন বিভাগ অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভাসহ সকল সভাকে অগ্রাধিকার দিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৪. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান, সকলের সহযোগিতায় ২ মার্চ ২০২৩ জাতীয় ভোটার দিবস সফলভাবে উদযাপন করা হয়েছে। স্মার্ট এনআইডি কার্ড বিতরণ চলছে। ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় সহযোগিতা করে যাচ্ছেন। ১৪ নং চন্ডিপুর ইউনিয়ন পরিষদের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে যে কোন সময়ে সাধারণ নির্বাচনের তপশিল ঘোষণা হতে পারে। | সুষ্ঠুভাবে স্মার্ট কার্ড বিতরণে ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় সংখ্যাক গ্রাম পুলিশ নিয়োগ করাসহ সম্ভব সব ধরণের সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে। | ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে। অনুমোদিত নির্দিষ্ট প্রকল্প ছাড়া ইজিপিপি কর্মসূচির কাজ কার যাবে না। ভূমিহীন ও গৃহহীনদের জন্য 'ক' শ্রেণির ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, আগামী ২১ মার্চ ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী চতুর্থ পর্যায়ের নির্মিত ঘর ঢাকা থেকে সরাসরি ভার্চুয়লি ২৮৯টি ঘর উদ্বোধন করবেন। উপজেলা হলরুমে প্রজেক্টের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রচারের ব্যবস্থা করা হবে সকলকে উপস্থিত থেকে উদ্বোধনী অনুষ্ঠান উপভোগ করার আহবান জানান। | ইজিপিপি কর্মসূচির অনুমোদিত প্রকল্প ছাড়া অন্য কোন প্রকল্পের কাজ করা যাবে না।<br>২১ মার্চ ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক চতুর্থ পর্যায়ের নির্মিত ঘর ভার্চুয়লি উদ্বোধনী অনুষ্ঠানে সুবিধাভোগী রাজনৈতিক ব্যক্তিত্ব, বীর মুক্তিযোদ্ধা মিডিয়া ব্যক্তিত্ব সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলকে উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, এ বছর সেচ মৌসুমে ১৫০-৩০০ টি সেচ সংযোগ দেয়া সম্ভব হয়েছে। অনেকে নিয়ম না মেনে আবাসিক সংযোগ থেকে সেচ চালাচ্ছেন। মনিটরিংয়ের মাধ্যমে নিয়ন্ত্রণ করা দুরূহ হয়ে পড়েছে। স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে মোডিফিকেশনের মাধ্যমে বিষয়টি নিয়ন্ত্রণের উপর গুরুত্বারোপ করেন।<br>সুন্দরগঞ্জ উপজেলার আয়তন ও কৃষি জমি ইত্যাদির ভিত্তি করে সেচ পাম্প স্থাপনের প্রাপ্যতা আছে ১৫০০টি কিন্তু এখন পর্যন্ত প্রায় ৩০০০ টি সেচ পাম্প চলছে। লাইসেন্স ছাড়া বা বিধিবহির্ভুতভাবে যে সকল পাম্প চলছে সেগুলো বন্ধ করার উপর গুরুত্বারোপ করেন। | আবাসিক সংযোগ থেকে সেচ সংযোগ দ্রুতই বন্ধ করতে হবে। প্রয়োজনে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br>সুন্দরগঞ্জ উপজেলায় প্রাপ্যতার চেয়ে অতিরিক্ত সেচ পাম্প বন্ধে পল্লী বিদ্যুৎ বিভাগসহ সকলকে একযোগে কাজ করতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৭. | মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক কর্মকতা সভাকে জানান, ভিডব্লিউবি সুবিধাভোগীদের কার্ডগুলি এখনও ইউপি চেয়ারম্যানদের নিকট হতে ফেরৎ পাওয়া যায় নি। যে কোন সরকারি ব্যাংকে একাউন্ট খুলতে হবে। প্রতি বৃহস্পতি ও শুক্রবার বিকাল ৩টা হতে ৫টা পর্যন্ত সময়ের মধ্যে কিশোর কিশোরী ক্লাবে পুষ্টি সমৃদ্ধ নাস্তা দেয়া হয়। ইউপিচেয়ারম্যান/সদস্যদের মনিটরিংয়ের আহবান জানান। | ভিডব্লিউবি সুবিধাভোগীদের কার্ডগুলি দ্রুত অফিসে জমা দিতে হবে যাতে তাড়াতাড়ি চাল বিতরণ সহজ হয়।<br>ইউপিচেয়ারম্যান/সদস্যগণকে কিশোর কিশোরী [illegible] তদারকি করতে হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, কাপাসিয়া ইউনিয়নে 'ক' শ্রেণির ঘরে নলকূপ স্থাপন কাজ চলছে। বামনডাঙ্গা ইউনিয়নে পানির লাইনের কাজ চলমান আছে। | 'ক' শ্রেণির প্রতি ৫টি ঘরে ১ টা করে নলকূপ স্থাপন নিশ্চিত করতে হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) |
| ১৯. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল হাল নাগাদ করতে হবে। উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের ওয়েবপোর্টাল হাল নাগাদ করার উপর গুরুত্বারোপ করেন। | সকল অফিস ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল হাল নাগাদ করতে হবে। | সকল অফিস প্রধান ও ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ফেব্রুয়ারি ২০২৩ মাসে ২টি উঠান বৈঠক করা হয়েছে। বাল্যবিয়ে, মাদক, ইভটিজিং ইত্যাদি প্রতিরোধে প্রচারণা ও উদ্বুদ্ধ করা হচ্ছে। | বাল্যবিয়ে, মাদকের ব্যবহার, ইভটিজিং ইত্যাদি প্রতিরোধে প্রচারণা ও উদ্বুদ্ধ কার্যক্রম আরো বেশি বেশি করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল |
| ২১ | সমবায় অফিস | সমবায় অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষে 'ক' শ্রেণির ঘর প্রাপ্তদের নিয়ে ১টি সমিতি গঠণ করা হয়েছে। ঋণ আদায়ে তৎপরতা চালানো হচ্ছে। | 'ক' শ্রেণির ঘর প্রাপ্তদের নিয়ে আরো সমিতি গঠণ করতে হবে এবং ঋণ আদায়ের হার বাড়াতে হবে। | উপজেলা সমবায় অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ২২ | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) দাপ্তরিক কাজে জেলা সদরে যাওয়ায় অনুপস্থিত এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, পারিবারিক ও সামাজিক বিবাদকে কেন্দ্র করে সেচের পানি সরবরাহ কাজে বেশ সমস্যা উদ্ভব হয়ে থাকে ইউপি চেয়ারম্যান/ সদস্যদের বিষয়গুলো দেখার উপর গুরুত্বারোপ করেন। | সেচের পানি নিয়ে যাতে কোন প্রকার সমস্যা সৃষ্টি না হয় সে বিষয়ে ইউপি চেয়ারম্যান/ সদস্যদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ), ইউপি চেয়ারম্যান-সদস্য ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) অনুপস্থিত থাকায় এ বিভগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) |
| ২৪ | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | অফিসার ইন চার্জ, সুন্দরগঞ্জ থানা |
| ২৫ | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগ/দপ্তর প্রধান কর্মকর্তাগণ |
| ২৬ | ইউপি চেয়ারম্যান | চেয়ারম্যান, **১১ নং** হরিপুর ইউপি বলেন, তার ইউনিয়নের সামাজিক নিরাপত্ত বেষ্টনীর আওতায় সুবিধাভোগীদের খাদ্য শষ্য সুন্দরগঞ্জ উপজেলা খাদ্য গুদাম থেকে সরবরাহ নিয়ে তিস্তা নদীর ওপারে অস্থায়ী ইউনিয়ন পরিষদ অফিসে গিয়ে বিতরণ করতে পরিবহন খরচ অনেক বেশী হয়। সব দিক বিবেচনা করে নদীর ওপারে কাশিম বাজার থেকে অনেক কাছে ***কুড়িগ্রাম জেলার চিলমারী খাদ্য গুদাম থেকে খাদ্যশস্য*** সরবরাহ নেয়া যায় কিনা এ বিষয়ে সভার মতামত কামনা করেন।<br>**চেয়ারম্যান ১৫ নং** কাপসিয়া ইউপি সভাকে জানান, ভাটী বোচাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। এ বিষয়ে শিক্ষা অফিসের কোন তৎপরতা বা দেখা যায়নি। তার ইউনিয়নের একটি কমিউনিটি ক্লিনিক শ্রীপুর | ক)হরিপুর ইউনিয়নের সুবিধাভোগীদের খাদ্যশস্য চিলমারী খাদ্যগুদাম থেকে সরবরাহ নেয়া যায় কিনা বিধি-নীতিমালাসহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট হতে মতামত সংগ্রহ করতে হবে।<br>খ) ভাটী বোচাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ায় উপজেলা শিক্ষা অফিসার কি পদক্ষেপ গ্রহণ করেছিলেন এবং কতটুকু মালামাল উদ্ধার করতে পেরেছেন। তা আগামী সভায় বিস্তারিতভাবে অবহিত করতে হবে।<br>কাপাসিয়া ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নের বিলুপ্ত ক্লিনিকের স্থানে স্থাপনের কারণে তার ইউনিয়নের গরীব সাধারণ জনগণ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি খতিয়ে দেখার উপর গরুত্বারোপ করেন। | শ্রীপুর ইউনিয়নের কোন স্থানে এবং কেন স্থাপন করা হয়েছে তার বিস্তারিত বক্তব্য আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে প্রদান করতে হবে। | |
| ২৭ | মেয়র সুন্দরগঞ্জ [illegible] | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা সভায় সভাকে জানান, সুন্দরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের ঠিকমত সেবা প্রদান করা হয় না। রোগীর বেডে চাদর দেঁয়া হয় না এবং রোগীদের স্লিপ লেখে দেয়া হয় বাহির থেকে ঔষধ কেনার জন্য।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন, আগামী ০৭ দিনের মধ্যে ঔষধের সমস্যা সমাধান করা সম্ভব হবে এবং প্রেসার ও ব্যাথার ঔষধ যথেষ্ট পরিমান সরবরাহ আছে। | রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে এবং সরকারিভাবে সরবরাহকৃত ঔষধ রোগীদে[illegible] নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিস্ট সকল |
| ২৮ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিন ও জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযানে বিস্তারিত কর্মূচি প্রণয়নের লক্ষ্যে আগামী ১৩ মার্চ ২০২৩ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সকলকে উপস্থিতত থেকে মূল্যবান মতামত/ পরামর্শ প্রদানের আহবান জানান।<br>উপজেলার বীর মুক্তিযোদ্ধাগণ একে একে মৃত্যবরণ করছেন, তাদেরকে স্মরণ রাখতে এবং তাদের পরিবারকে সম্মানিত করতে প্রথম পর্যায়ে প্রতিটি ইউনিয়নে দু'টি করে সড়কের নাম বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ করে দৃষ্টিনন্দন ফলক স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যে রাস্তা দিয়ে ঐ বীর মুক্তিযোদ্ধার বাড়ীতে যেতে হয় এরুপ রাস্তা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগিতায় নির্বাচন করা হয়েছে এবং এমাসেই ফলক নির্মাণ কাজের উদ্বোধন করা হবে। পরে তিনি রাস্তার নামকরণ সম্বলিত তালিকা পরিশিষ্ট **'গ'** সভায় উপস্থাপন করে অনুমোদনের প্রস্তাবনা পেশ করেন।<br>তিনি আরো জানান, ১৪৩০ বাংলা সালের জন্য উপজেলার ৩৯টি হাট-বাজারের মধ্যে চতুর্থ পর্যায় পর্যন্ত মোট ২৫ টি হাট-বাজার সরকারি নীতিমালা অনুযায়ী ইজারা প্রদান করা হয়েছে এবং ইজারাকৃত হাট-বাজারের বিস্তারিত তালিকা পরিশিষ্ট 'ঘ' উপস্থাপন করে অনুমোদনের প্রস্তাবনা পেশ করেন। অবশিষ্ট ১৪টি হাট-বাজার টেন্ডার বিজ্ঞপ্তির তপসিল অনুযায়ী ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | আগামী ১৩ মার্চ ২০২৩ তারিখের অনুষ্ঠিতব্য সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে হবে।<br>বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরণ সম্বলিত সড়কের তালিকা পরিশিষ্ট 'গ' অনুমোদন করা হলো। নাম ফলক স্থাপনের কাজ সম্পন্ন হলে সংরক্ষণের জন্য ছবিসহ তালিকা মুক্তি যুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>১৪৩০ বাংলা সালের জন্য ইজারা প্রদানকৃত ২৫ হাট-বাজারের প্রস্তাবিত তালিকা পরিশিষ্ট **'ঘ'** অনুমোদন করা হলো। অবশিষ্ট হাট-বাজার সরকারি নীতিমালা অনুযায়ী ইজার প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না সে সকল হাট-বাজার সরকারি নীতিমালা অনুযায়ী খাস আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সকল কর্মকর্তাবৃন্দ, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ২৯ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ স্বাধীনতার মাসে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিন ও জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ গণ হত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযানে সকলকে সকল অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠান সফল করতে আহবান জানান।<br>২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি'র এর প্রকল্প তালিকা আংশিক সংশোধন করে উপজেলা প্রকৌশলীকে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে উপজেলা প্রকৌশলী সংশোধিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'ঙ' উপস্থাপন করেছেন। প্রকল্প তালিকা অনুমোদন করার উপর গুরুত্বারোপ করেন। সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন নিশ্চিত করতে সকলের প্রতি অনুরোধ জানান। | যথাযোগ্য মর্যাদায় জাতীয় দিবসমূহ উদযাপনে সকলকে অন্তরিকতার সাথে সকল অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে।<br>২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি'র এর সংশোধিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'ঙ' অনুমোদন করা হলো।<br>সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল অফিস/দপ্তর প্রধান, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল |

**১৭/০২/২০২৩ হতে ০৯/০৩/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ফেব্রুয়ারি-২৩ মাসের সম্মানী ভাতা | ঃ | ৯৯,০০০/- |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ফেব্রুয়ারি-২৩ মাসের ভ্রমণ ভাতা বাবদ | ঃ | ৩৫,৭৫০/- |
| গ | ফেব্রুয়ারি-২৩ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০/- |
| ঘ | ফেব্রুয়ারি-২৩ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৩৯,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ঙ | ফেব্রুয়ারি-২৩ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী প্রদান | ঃ | ২২,০০০/- |
| চ | ফেব্রুয়ারি-২৩ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ৩৪,৬০৮/- |
| ছ | উপজেলা পরিষদে কর্মরত ০৪ জন কর্মচারীর ফেব্রুয়ারি-২৩ মাসের সিপিএফ হিসেবে মূল বেতনের ১০% বাবদ প্রদান | ঃ | ৪,০৩৫/- |
| জ | ফেব্রুয়ারি-২৩ মাসের উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল বাবদ | ঃ | ১৯,৪৫৬/- |
| ঝ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত/সংস্কার খাতের অর্থে উপজেলা সমাজসেবা অফিস মেরামত ১ম কিস্তি বাবদ ব্যয় | ঃ | ৫০,০০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৩/২০২৩

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫-১৯৬ (৪৫)

তারিখ ঃ ২৪ ফাল্গুন ১৪২৯ / ০৯ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। জনাব . . . . . . . . . . . সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

09.03.2023

(মোহাম্মদ-আল-মারুফ)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd